# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৯৭

১৫. রক্তপণ অধ্যায় (كتاب الديات)

পরিচ্ছেদঃ ৭. ক্রীতদাসকে খুনের দায়ে মনিবকে মৃত্যুদণ্ড প্রদান করা

بَاب فِي الْقَوَدِ بَيْنَ الْعَبْدِ وَسَيِّدِهِ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ عَنْ سَعِيدٍ عَنْ قَتَادَةَ عَنْ الْحَسَنِ عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ قَتَلَ عَبْدَهُ قَتَلْنَاهُ وَمَنْ جَدَعَهُ جَدَعْنَاهُ قَالَ ثُمَّ نَسِيَ الْحَسَنُ هَذَا الْحَدِيثَ وَكَانَ يَقُولُ لَا يُقْتَلُ حُرٌّ بِعَبْدٍ

বাংলা

২৩৯৭. সামুরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি তার দাসকে হত্যা করে আমরা তাকে হত্যা করব; আর কেউ তার দাসের অঙ্গছেদন করলে আমরাও তার অঙ্গছেদন করব।” বর্ণনাকারী বলেন, এরপর হাসান এ হাদীসটি ভুলে যান এবং বলতে থাকেন দাসের খুনের দায়ে মনিবকে হত্যা করা হবে না।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ, কেননা, হাসানের সামুরা ইবনু জুনদুব রাদ্বিয়াল্লাহু আনহু হতে শ্রবণ করাটা সাব্যস্ত নয়।

তাখরীজ: আহমাদ ৫/১০-১১, ১২, ১৯ ; আবূ নুয়াইম, যিকরু আখবারু আসবাহান ১/১৮৬; ইবনু আবী শাইবা ৯/৩০৩ নং ৭৫৫৭; আবূ দাউদ, দিয়াত ৪৫১৫, ৪৫১৬, ৪৫১৭; তাবারাণী, কাবীর ৭/১৯৭ নং ৬৮০৮, ৬৮০৯; ইবনু আদী, কামিল ২/৭২৯; নাসাঈ, কাসামাহ ৮/২১; তিরমিযী, দিয়াত ১৪১৪; ইবনু মাজাহ, দিয়াত ২৬৬৩; তায়ালিসী ১/২৯৩ নং ১৪৯৩; হাকিম ৪/৩৬৭; বাগাবী, শারহুস সুন্নাহ, ১০/১৭৭ নং ২৫৩৩।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82680

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন